**' বিনিয়োগ অগ্রাধিকার '**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
( প্রধানমন্ত্রীর কার্যালয় )
সিলেট বিভাগীয় কার্যালয়, সিলেট।
প্রবাহ-১৮, তালতলা, সিলেট-৩১০০।
www.bida.gov.bd

# বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট বিভাগীয় কার্যালয়ের সাথে বিভিন্ন সময় আয়োজিত মতবিনিময় সভা ও অনুষ্ঠানের বিবরণী

| নং | অনুষ্ঠানের শিরোনাম | অনুষ্ঠানের তারিখ ও স্থান | সংক্ষিপ্ত বিবরণী |
|---|---|---|---|
| ০১। | **সিলেট বিভাগে বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে 'দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি' -এর নেতৃবৃন্দ ও সদস্যদের সাথে 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিভাগীয় কার্যালয়, সিলেট' -এর বিনিয়োগ বৃদ্ধিকরণ সংক্রান্ত মতবিনিময় সভা** | ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.<br><br>চেম্বার কনফারেন্স হল<br>সিলেট | সিলেট বিভাগে বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে 'দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি' -এর নেতৃবৃন্দ ও সদস্যদের সাথে 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিভাগীয় কার্যালয়, সিলেট' -এর বিনিয়োগ বৃদ্ধিকরণ সংক্রান্ত একটি মতবিনিময় সভা গত ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখ বিকাল ৪:০০ টায় সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট -এর কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জুলিয়া যেসমিন মিলি, পরিচালক (উপসচিব), বিডা, সিলেট বিভাগীয় কার্যালয়। সভায় সভাপতিত্ব করেন জনাব আবু তাহের মো: শোয়েব, সভাপতি, দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।<br>মতবিনিময় সভার শুরুতেই বিডা, সিলেট বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক, জনাব সমীর বিশ্বাস বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সেবা ও কার্যক্রম এবং বিনিয়োগ বৃদ্ধিকরণে সরকার প্রদত্ত সুবিধা সম্বলিত একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সভায় সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির পরিচালকবৃন্দ, সাধারণ সদস্যবৃন্দ, অন্যান্য ব্যবসায়ীগণ ও সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত প্রদান করেন। সভায় উপস্থিত ব্যবসায়ীকবৃন্দ-কে বিনিয়োগে আকৃষ্ট করতে সরকার প্রদত্ত বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণে বিডা'র সহযোগিতা গ্রহণে উদ্বুদ্ধ করা হয়। |
| ০২। | **মৌলভীবাজার জেলার 'জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি'র সাথে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের মতবিনিময় সভা** | ২ অক্টোবর, ২০২১ খ্রি.<br><br>জেলা প্রশাসক, মৌলভীবাজার -এর সম্মেলন কক্ষ<br>মৌলভীবাজার | মৌলভীবাজার জেলার জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির সাথে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একটি মতবিনিময় সভা গত ২ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: সিরাজুল ইসলাম, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ। সভায় সভাপতিত্ব করেন জনাব তানিয়া সুলতানা, জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) ও আহবায়ক, জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি, মৌলভীবাজার। উপস্থিত ছিলেন বিডা, সিলেট বিভাগীয় কার্যালয়ে পরিচালক জনাব জুলিয়া যেসমিন মিলি ও উপপরিচালক জনাব সমীর বিশ্বাস। সভায় আরো উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, ব্যাংক ব্যবস্থাপকগণ, ব্যবসায়ী উদ্যোক্তা, স্থানীয় সরকারের জনপ্রতিনিধি এবং সাংবাদিকবৃন্দ।<br>উপস্থিত সম্মাণিত সদস্যবৃন্দকের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। অত:পর বিগত সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্ত সভায় পাঠ করে শুনানো হয় এবং মৌলভীবাজার জেলায় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তার লক্ষ্যে গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করা হয়। প্রধান অতিথি মহোদয় মৌলভীবাজার জেলায় বিনিয়োগ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অবগত হন এবং এ জেলায় বিনিয়োগ সম্প্রসারণে মূল্যবান দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। |

## বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট বিভাগীয় কার্যালয়ের সাথে বিভিন্ন সময় আয়োজিত মতবিনিময় সভা ও অনুষ্ঠানের বিবরণী

| নং | অনুষ্ঠানের শিরোনাম | অনুষ্ঠানের তারিখ ও স্থান | সংক্ষিপ্ত বিবরণী |
|---|---|---|---|
| ০৩। | **DISCUSSION MEETING ON INVESTMENT OPPORTUNITY IN SYLHET** | ২২ অক্টোবর, ২০২১ খ্রি.<br><br>নির্ভানা ইন হোটেল হল রুম সিলেট | সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি -এর আয়োজনে 'DISCUSSION MEETING ON INVESTMENT OPPORTUNITY IN SYLHET' শিরোনামে গত ২২ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখে সিলেট সদরের নির্ভানা ইন হোটেলের হল রুমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্র মন্ত্রী জনাব ড. এ কে আব্দুল মোমেন, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তুরস্কের রাষ্ট্রদূত জনাব মোস্তফা ওসমান তুরান।<br>সভায় সিলেট বিভাগে বিনিয়োগের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, সিলেট বিভাগীয় কার্যালয়ের পরিচালক (উপসচিব) জনাব জুলিয়া যেসমিন মিলি। সভায় সিলেট অঞ্চলে তুরস্কের বিনিয়োগকারীদের আগ্রহী করতে এ অঞ্চলে বিনিয়োগ সম্ভাবনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। |
| ০৪। | **সিলেট বিভাগে বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে 'দি সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি' -এর নেতৃবৃন্দ ও সদস্যদের সাথে 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিভাগীয় কার্যালয়, সিলেট' -এর বিনিয়োগ বৃদ্ধিকরণ সংক্রান্ত মতবিনিময় সভা** | ১১ নভেম্বর, ২০২১ খ্রি.<br><br>সিলেট মেট্রোপলিটন চেম্বার কনফারেন্স হল সিলেট | সিলেট বিভাগে বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে 'দি সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি' -এর নেতৃবৃন্দ ও সদস্যদের সাথে 'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বিভাগীয় কার্যালয়, সিলেট' -এর বিনিয়োগ বৃদ্ধিকরণ সংক্রান্ত একটি মতবিনিময় সভা গত ১১ নভেম্বর, ২০২১ খ্রি. তারিখ বিকাল ৩:০০ টায় সিলেট মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট -এর কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জুলিয়া যেসমিন মিলি, পরিচালক (উপসচিব), বিডা, সিলেট বিভাগীয় কার্যালয়। সভায় সভাপতিত্ব করেন জনাব স্বর্ণলতা রায়, সভাপতি, দি সিলেট উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।<br>মতবিনিময় সভার শুরুতেই বিডা, সিলেট বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক, জনাব সমীর বিশ্বাস বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সেবা ও কার্যক্রম এবং বিনিয়োগ বৃদ্ধিকরণে সরকার প্রদত্ত সুবিধা সম্বলিত একটি প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সভায় দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির পরিচালকবৃন্দ, সাধারণ সদস্যবৃন্দ, অন্যান্য ব্যবসায়ীগণ ও সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন এবং তাঁদের মূল্যবান মতামত প্রদান করেন। সভায় এ অঞ্চলের মহিলা উদ্যোক্তা এবং ব্যবসায়ীদের বিনিয়োগে আকৃষ্ট করতে সরকার প্রদত্ত বিভিন্ন সুযোগ-সুবিধা গ্রহণে বিডা'র সহযোগিতা গ্রহণ এবং নিবন্ধন নেয়ার বিষয়ে উদ্বুদ্ধ করা হয়। |


( জুলিয়া যেসমিন মিলি )
পরিচালক (উপসচিব)
ফোন : ০৮২১-৭১৭৮৫৫
ই-মেইল : dir.sylhet@bida.gov.bd